ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৭৭৯

আগরতলা,১৭ জুলাই,২০২৫

**রুহিদা পাড়ায় স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

ধলাই জেলার জগবন্ধু পাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীনে রুহিদা পাড়ায় গতকাল স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে মোট ৪৭ জন রোগী স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করে উপকৃত হয়েছেন। শিবিরে ম্যালেরিয়া এবং অসংক্রামক রোগের স্ক্রিনিং করা হয়। কোনও ম্যালেরিয়ার রোগী পাওয়া যায়নি। স্বাস্থ্য শিবিরের পাশাপাশি স্বাস্থ্যকর্মীগণ স্বাস্থ্য সচেতনতা কর্মসূচিরও আয়োজন করেন। এই কর্মসূচিতে ডায়ারিয়া প্রতিরোধ অভিযান, বিশ্ব জনসংখ্যা দিবস পক্ষকাল, ম্যালেরিয়া এবং ব্যক্তিগত স্বাস্থ্যবিধি সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয় এবং জনসাধারণকে সচেতন করা হয়। ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****